

হজ ক্যাম্পে লাগেজ র‍্যাপিং সেবা চালু

- A Monitor Desk Report

Date: 22 April, 2026



ঢাকাঃ পবিত্র হজযাত্রা সহজ, মসৃণ ও নিরাপদ করতে প্রথমবারের মতো লাগেজ র‍্যাপিং সেবা চালু করেছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়।

মঙ্গলবার (২১ এপ্রিল) বিকেলে মন্ত্রণালয়টির জনসংযোগ কর্মকর্তা মো. আবুবকর সিদ্দীক গণমাধ্যমে বিষয়টি জানিয়েছেন।

হজ অফিসের পরিচালক মো. লোকমান হোসেন জানান, এ সেবাটি চালু হওয়ায় হজযাত্রীরা পেশাদারভাবে তাদের লাগেজ র‍্যাপিং করতে পারবেন। এতে ভ্রমণের সময় ক্ষতির হাত থেকে লাগেজ সুরক্ষিত থাকবে। এ ছাড়া লাগেজ খোলা কিংবা অনাকাঙ্ক্ষিত খুঁকি থেকেও সুরক্ষা মিলবে। এ সেবা হজযাত্রীদের শেষ মুহূর্তের ভোগান্তি কমানো ও যাত্রা প্রক্রিয়াকে সহজ করতে সহায়ক হবে।

এ বিষয়ে ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন বলেছেন, সর্বোচ্চ সেবার মাধ্যমে হজযাত্রা নির্বিঘ্ন করা সরকারের অন্যতম অগ্রাধিকার। প্রধানমন্ত্রী তারেক রহমান হজযাত্রীদের সেবার বিষয়টি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছেন। তার নির্দেশনার আলোকে হজযাত্রীদের জন্য এই বিশেষ সেবাটি চালু করা হয়েছে।

-B